

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৬৮৪.১৪-৬৯২২

তারিখঃ ১৩/০৪/২০২১ খ্রি:

অফিস আদেশ

জনাব মোঃ আজাদুল ইসলাম, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, পিরোজপুর সদর, পিরোজপুর সুফলভোগীর কাছ থেকে আদায়কৃত সঞ্চয় ও ঋণের অর্থ হস্তমজুদ করায় তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়েছিল। উক্ত বিভাগীয় মামলায় দায়িত্ব পালনে অবহেলা ও উদাসীনতার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হওয়ায় লঘুদন্ড হিসেবে তিরস্কার এবং ভবিষ্যতের জন্য কঠোরভাবে সতর্ক করে তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০২.১৯-৫১৮ তারিখঃ ১৮/১১/২০১৯ খ্রিঃ মূলে নিষ্পত্তি করা হয়।

২। যেহেতু, জনাব মোঃ আজাদুল ইসলাম, মাঠ সংগঠক-কে একাধিকবার সতর্ক করা সত্ত্বেও সুফলভোগী হতে আদায়কৃত অর্থ পুনরায় হস্তমজুদ/আত্মসাৎ করেছেন এবং এ ধরনের কার্যক্রম তার নিয়মিত অভ্যাসে পরিণত হয়েছে মর্মে স্মারক নং ৪৭.৬২.৯৯৮০.০০০.০০.০২০.১৮-৪৬ তারিখঃ ০৮/১২/২০ খ্রিঃ মূলে সংশ্লিষ্ট উপজেলা কর্মকর্তা নিশ্চিত করেছেন, সেহেতু জনাব মোঃ আজাদুল ইসলাম, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, পিরোজপুর সদর, পিরোজপুর পুনরায় সুফলভোগী হতে আদায়কৃত অর্থ হতে সর্বমোট ১৩৬০৯৩.০০ (এক লক্ষ ছত্রিশ হাজার তিরানব্বই) টাকা হস্তমজুদ/আত্মসাৎ করায় তাঁকে কর্মসূচিতে জনবল স্থানান্তর আদেশের ২(ঘ) অনুযায়ী কোন কারণ দর্শানো ব্যতীতই কর্মসূচির চুক্তিভিত্তিক নিয়োগ হতে বরখাস্ত করা হলো।

৩। এছাড়া হস্তমজুদ/আত্মসাৎকৃত সরকারী পাওনা ১৩৬০৯৩.০০ টাকা আগামী ০২ মাসের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হলো। অন্যথায়, তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। উল্লেখ্য, পরবর্তীতে তাঁর কর্মকালীন আরও হস্তমজুদ/আত্মসাৎ এর তথ্য উৎঘাটন হলে তা জনাব মোঃ আজাদুল ইসলাম এর ব্যক্তিগত দায় হিসেবে গণ্য হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৬৮৪.১৪-৬৯২২


তারিখঃ ১৩/০৪/২০২১ খ্রি:

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

১. জনাব মোঃ আজাদুল ইসলাম, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, পিরোজপুর সদর, পিরোজপুর।
(স্থায়ী ঠিকানাঃ গ্রাম- খাউলবুনিয়া, ডাক- জুজখোলা, উপজেলা- সদর, জেলাঃ পিরোজপুর)
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ সদর, জেলাঃ পিরোজপুর।
(বর্ণিত মাঠ সংগঠক আগামী ০২ মাসের মধ্যে হস্তমজুদ/আত্মসাৎকৃত সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং এ বাবদ দায়মুক্ত তহবিল হতে ব্যয় নির্বাহের জন্য নির্দেশনা প্রদান করা হলো। উল্লেখ্য, প্রয়োজনে সদর দপ্তর হতে এ খাতে অর্থ বরাদ্দ প্রদান করা হবে।)
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পিরোজপুর।
৬. অফিস কপি/ গার্ড ফাইল।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক
ইরেসপো